রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৬ সনের ৩৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৫, ২০১৬



**পানি সম্পদ মন্ত্রণালয়**
**প্রশাসন-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ শ্রাবণ ১৪২৩/২৪ জুলাই ২০১৬

নং ৪২.০৩১.০২২.০০.০০.০২৫.২০১৫-৫৯২—মন্ত্রিসভা বৈঠকের ১৭-১১-২০১৪ তারিখের সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডকে পানি সম্পদ মন্ত্রণালয়ের একটি সংযুক্ত দপ্তর হিসেবে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ঘোষণা করা হলো।

২। পানি সম্পদ মন্ত্রণালয় থেকে ১১-০৯-২০০০ তারিখে জারীকৃত পাসমঃ-উঃ-৫/বিবিধ ১৯/২০০০/৩৮৩ বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড গঠন সংক্রান্ত রিজলিউশনটি এতদ্বারা বাতিল করা হলো।

৩। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ঘোষণা সংক্রান্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের ১৩-০১-২০১৬ তারিখের ৪২.০৩১.০২২.০০. ০০.০২৫.২০১৫-২৭ নং প্রজ্ঞাপন বাতিল করা হলো।

৪। বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীগণ এ প্রজ্ঞাপন জারির অব্যবহিত পূর্বে যে শর্তাধীনে চাকুরিতে নিয়োজিত ছিলেন, এ প্রজ্ঞাপনের বিধান অনুযায়ী পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে অধিদপ্তরের চাকুরিতে নিয়োজিত থাকবেন এবং পূর্বের নিয়মে বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হবেন।

৫। বোর্ডের সকল সম্পদ, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধা এবং স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ, প্রকল্প এবং অন্য সকল প্রকার দাবি ও অধিকার অধিদপ্তরের সম্পদ, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধা, সম্পত্তি, অর্থ, প্রকল্প এবং দাবি অধিকার হিসেবে গণ্য হবে।

৬। মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের উপদেষ্টা পরিষদের ০৫-০৫-২০১৬ তারিখে অনুষ্ঠিত ১ম সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের নেতৃত্বে গঠিত ৪ (চার) সদস্য বিশিষ্ট সচিব কমিটি বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডকে অধিদপ্তর হিসেবে ঘোষণার সুপারিশসমূহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদনের পরিপ্রেক্ষিতে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

৭। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।